

Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 28 April, 2025

দক্ষিণাঞ্চলের একমাত্র ভারি শিল্প প্রতিষ্ঠান ঝিনাইদহের কালীগঞ্জ মোবারকগঞ্জ চিনিকল কর্মচারী সঞ্চয় ও সরবরাহ সমবায় সমিতির ২০২৫ নির্বাচন সম্পন্ন হয়েছে। রোববার অনুষ্ঠিত এ নির্বাচনে বেসরকারী ফলাফলে মাহফুজুর রহমান মুন্না সহ-সভাপতি ও আতিয়ার রহমান সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি রাশিদুল ইসলাম জানান, রোববার চিনিকলের অভ্যন্তরে ভোট কেন্দ্রে সকাল ৮টা থেকে বিরতিহীনভাবে বিকাল ৪ টা পর্যন্ত ভোট গ্রহণ করা হয়। মোট ভোটার সংখ্যা ১৫২৪ টি। নির্বাচনে প্রাপ্ত ভোটের ফলাফলে সহ-সভাপতি পদে ৩ জন প্রার্থীর মধ্যে মাহফুজুর রহমান মুন্না আনারস প্রতিকে (২১০ ভোট) পেয়ে বিজয়ী হন। তার নিকটতম আতিকুর রহমান চশমা প্রতিকে (১২৫ ভোট) ও মশিউর রহমান স্বপন চেয়ার প্রতিকে পেয়েছেন (১৪০ ভোট)। সাধারণ সম্পাদক পদে ৩ জন প্রার্থীর মধ্যে আতিয়ার রহমান গরুগাড়ী প্রতিকে (৩৭৬ ভোট) পেয়ে বিজয়ী হন। তার নিকটতম আতাউল হক জেহাদ ছাতা প্রতিকে পেয়েছেন (২৯ ভোট) ও দেবাদিদেব ভট্টাচার্য্য মাছ প্রতিকে পেয়েছেন (৭৯ ভোট)।

এ নির্বাচনে ৯ টি সদস্য পদে নির্বাচিতরা হলেন- এমরান হোসেন ফুটবল প্রতিকে (৪০৬ ভোট), কামরুজ্জামান টুটুল মোমবাতি প্রতিকে (৩৮২ ভোট), জাহিদুল ইসলাম দোয়াত কলম প্রতিকে (৩৪৭ ভোট), ফাইজুর রহমান আম প্রতিকে (৩৭২ ভোট), মাসুদুর রহমান উড়োজাহাজ প্রতিকে (৩৩০ ভোট), মিলন বিশ্ণু দেওয়াল ঘড়ি প্রতিকে (৪০০ ভোট), রফিকুল ইসলাম টেলিভিশন প্রতিকে (৩৪৪ ভোট), সাহাদ আরী মোরগ প্রতিকে (৩৫৯

ভোট) ও সাহর আলী বাস প্রতিকে (৩৭০ ভোট) পেয়ে বিজয়ী হয়েছেন

বিনাইদহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 23:14

URL: <https://timestodaybd.com/across-the-country/1549775807>